

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 27.10.2024**

**Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সাইবার জালিয়াতি বিষয়ে জনগণকে আরও সচেতন হওয়ার অনুরোধ জানিয়ে ব্যক্তিগত তথ্য কাউকে না দেবার পরামর্শ দিয়েছেন। আকাশবাণীতে আজকের মন-কি-বাত অনুষ্ঠানে তিনি আত্মনির্ভর ভারত এবং ভোকাল ফর লোকালের পক্ষেও জোর সওয়াল করেন।

এবছর রান ফর ইউনিটি ৩১-এর পরিবর্তে ২৯-শে অক্টোবর হবে বলে তিনি জানান।

২) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে এ রাজ্যকে পর্যাপ্ত অর্থ দেবার উল্লেখ করে বলেছেন, অনুপ্রবেশ বন্ধ না হলে, বাংলার প্রকৃত উন্নয়ন হবে না।

একদিনের সফরে শ্রী শাহ্ আজ পেট্রাপোলে নতুন যাত্রী টার্মিনাল ও মৈত্রীদ্বারের উদ্বোধন করেন।

৩) রাজ্যের ৬-টি বিধানসভা আসনের উপ-নির্বাচনে মনোনয়নপত্রগুলি আগামীকাল পরীক্ষা করে দেখা হবে।

৪) আর জি কর কাণ্ডে ন্যায় বিচারের দাবিতে সিনিয়র চিকিৎসকরা আজ আবার পথে নামেন।

৫) রঞ্জি ট্রফি ক্রিকেটে বাংলার বিরুদ্ধে কেরালা আজ ৪ উইকেটে ৫১ রান করেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ডিজিটাল অ্যারেস্টের নামে যে জালিয়াতি চলছে তাতে উদ্বেগ প্রকাশ করে বলেছেন, তদন্তকারী সংস্থাগুলির রাজ্য সরকারের সহযোগিতায় এই জালিয়াতি রুখতে কার্যকর ব্যবস্থা নেওয়া উচিত। আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে শ্রী মোদী, জাতির প্রতি ভাষণে বলেন, পুলিশ, সিবিআই কিংবা মাদক নিয়ন্ত্রণ ব্যুরোর অফিসার সেজে এই জালিয়াতি চলছে। এধরনের ফোন পেলে জনগণকে আতঙ্কিত না হওয়ার জন্য তিনি অনুরোধ জানান। ব্যক্তিগত তথ্য কাউকে না দেবার জন্যও প্রধানমন্ত্রী জনগণকে পরামর্শ দিয়েছেন। জাতীয় সাইবার হেল্পলাইনে যোগাযোগ করার জন্য শ্রী মোদী জনগণকে অনুরোধ জানিয়েছেন।

( বাইট – ডিজিটাল)

প্রধানমন্ত্রী সাইবার জালিয়াতিতে ক্ষতিগ্রস্তদের এবিষয়ে সচেতনতা তৈরি করতে বলেন। বিভিন্ন সরকারী সংস্থার কাজকর্মের মধ্যে সমন্বয় সাধনের জন্য জাতীয় সাইবার সমন্বয় কেন্দ্র গড়ে তোলা হয়েছে বলে শ্রী মোদী উল্লেখ করে বলেন, জাল ভিডিও কলের জন্য লক্ষ লক্ষ সীম কার্ড, মোবাইল ফোন এবং ব্যাঙ্ক অ্যাকাউন্ট ব্লক করা হয়েছে। আগামীকাল বিশ্ব অ্যানিমেশন দিবসের উল্লেখ করে শ্রী মোদী বলেন, ভারত বিশ্ব অ্যানিমেশনের এক নতুন কেন্দ্র হিসেবে আত্মপ্রকাশ করছে।

(বাইট – অ্যানিমেশন)

আত্ম নির্ভর ভারত অভিযানের সাফল্যে সন্তোষ প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেন, সম্মিলিত সচেতনতার ফলেই তা সম্ভব হয়েছে। ভারত আগে বিশ্বের অন্যতম প্রতিরক্ষা সামগ্রী ক্রেতা দেশ হিসেবে পরিচিত ছিল। এখন ৮৫-টি দেশে ভারতের প্রতিরক্ষা সামগ্রী রফতানি হচ্ছে বলে শ্রী মোদী উল্লেখ করেন।

লাদাখে ৪ হাজার ৩-শো মিটার উচ্চতায় ভারতের তৈরি এশীয়ার বৃহত্তম MACE টেলিস্কোপ বসানো হয়েছে বলে তিনি উল্লেখ করেন। এই উৎসবের মরশুমে

ভোকাল ফর লোকাল মন্ত্র-কে সামনে রেখে তিনি দেশের মানুষকে কেনাকাটা করতে বলেন।

(বাইট - ভোকাল ফর লোকাল)

আজকের মন-কি-বাতে শ্রী মোদী দুই মহান বীর সর্দার প্যাটেল এবং ভগবান বীরসামুন্ডার সাহসিকতা ও দুর্দৃষ্টি নিয়ে আলোচনা করেন।

ছত্তিশগড়ের বুটলুরাম মাথরার উদ্ধাহরণ দিয়ে তিনি বলেন, অবুঝমাড়িয়া উপ-জাতির লোকশিল্প সংরক্ষণে তিনি কাজ করছেন।

কবি কালীদাসের অভিজ্ঞান শকুন্তলম এবং রামায়ণ বিশ্বের বিভিন্ন দেশের অনুদিত ও মঞ্চস্ত হওয়ার উল্লেখ করে শ্রী মোদী বলেন, ভারতীয় শাস্ত্রী নৃত্য দক্ষিণ আমেরিকার বিভিন্ন দেশে জনপ্রিয় হচ্ছে। এধরনের সাংস্কৃতি উদ্যোগে সামিল হতে শ্রী মোদী জনগণকে অনুরোধ করেন।

(বাইট - নৃত্য)

আজকের মন-কি-বাতে প্রধানমন্ত্রী ফিট ইন্ডিয়া প্রচারের উল্লেখ করে বলেন, এটি ক্রমশ গণ আন্দোলনের রূপ নিয়েছে। আন্তর্জাতিক যোগ দিবসে বৃষ্টির মধ্যেও শ্রীনগরে বহু মানুষের সমবেত হওয়ার কথাও তিনি উল্লেখ করেছেন।

আগামী ৩১-শে অক্টোবর সর্দার প্যাটেলের বছরব্যাপীর সার্থশত জন্মবার্ষিকী উদযাপন শুরু হবে বলে উল্লেখ করে শ্রী মোদী জানান, ভগবান বীরসা মুন্ডার সার্থশত জন্মবার্ষিকী উদযাপন শুরু হবে ১৫-ই নভেম্বর থেকে। এই দুই মহান বীর ভারতের ঐক্যের জন্য কাজ করে যাচ্ছেন বলে শ্রী মোদী উল্লেখ করেন।

(বাইট - প্যাটেল/মুন্ডা)

মহাত্মা গান্ধীর সার্থশত জন্মবর্ষ এবং স্বামী বিবেকানন্দের সার্থশত জন্মবার্ষিকী উদযাপনের সময় ভারতের আধ্যাত্মিকতা ও সত্যের শক্তি জগৎবাসী উপলব্ধি করেছে বলে শ্রী মোদী মনে করিয়ে দেন।

সর্দার প্যাটেলের জন্মদিন ৩১-শে অক্টোবর দীপাবলীর দিন পড়ায় এবছরের রান ফর ইউনিটি ২৯-শে অক্টোবর হবে বলে শ্রী মোদী জানান। জনগণকে বিপুল সংখ্যায় এই দৌড়ে অংশ নিতে তিনি অনুরোধ করেন।

(বাইট - রান ফর ইউনিটি)

শ্রী মোদী মন-কি-বাতের শ্রোতাদের আসন্ন ধনতেরাস, দিওয়ালী, ছট পুজা, ও গুরুনানক জয়ন্তী উপলক্ষে শুভেচ্ছা জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০

এরাজ্যে ২০২৬ সালে বিজেপি ক্ষমতায় এলে ১-শো দিনের বকেয়া সব অর্থ দিয়ে দেওয়া হবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন। কলকাতায় আজ এক অনুষ্ঠানে তিনি বলেন, ইউ পি এ সরকারের আমলে ১-শো দিনের কাজের প্রকল্পে ১৫ হাজার কোটি টাকা দেওয়া হয়, সেখানে এন ডি এ আমলে তা বাড়িয়ে ৫৪ হাজার কোটি টাকা করা হয়েছে। বিজেপি ক্ষমতায় এলে আয়ুস্মান ভারত সহ সব কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা রাজ্যের মানুষ পাবে বলে তিনি জানান।

কলকাতায় আজ তিনি রাজ্য বিজেপি-র সদস্য সংগ্রহ অভিযানের সূচনা করে এক কোটি সদস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা বেধে দেন। রাজ্যে অনুপ্রবেশ, পাচার এবং দুর্নীতি রুখতে বিজেপি-কে ক্ষমতায় আনা এবং সদস্য সংখ্যা বৃদ্ধির ওপর তিনি জোর দেন।

বাংলায় আইনের শাসন প্রতিষ্ঠা করা প্রয়োজন বলেও তিনি উল্লেখ করেন।

(বাইট - আইনের শাসন)

এর আগে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী উত্তর ২৪ পরগনার ভারত-বাংলাদেশ সীমান্ত পেট্রাপোল বন্দরে এক অনুষ্ঠানে রাজ্য সরকারকে আক্রমণের নিশান করে

বলেন, আবাস যোজনা, গ্রামীণ সড়ক সহ বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে মোদী সরকার, গত ১০ বছরে বাংলাকে পর্যাপ্ত অর্থ দিয়েছে। কিন্তু তা নিয়েও দুর্নীতি হয়েছে। অনুপ্রবেশ বন্ধ না হলে বাংলার প্রকৃত উন্নয়ন হবে না বলেও মন্তব্য করেন শ্রী শাহ।

(বাইট)

এদিকে, তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুনাল ঘোষ অমিত শাহ-র এই বক্তব্যের তীব্র সমালোচনা করে বলেন, সীমান্তে পাহাড়া দেয় বিএসএফ। তাই অনুপ্রবেশ রোধের ব্যর্থতাও কেন্দ্রীয় সরকারেরই।

(বাইট)

উল্লেখ্য, পেট্রাপোলে শ্রী শাহ আজ নতুন যাত্রী টার্মিনাল ও মৈত্রী দ্বারের উদ্বোধন করেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, নতুন এই টার্মিনালে ২৫ হাজার যাত্রীর যাতায়াতে সুবিধা হবে। ব্যবসায়িক লেনদেনের পাশপাশি ভারত-বাংলাদেশ সাংস্কৃতিক মেলবন্ধনও আরও সুদৃঢ় হবে বলে আশা প্রকাশ করেন তিনি।

একদিনের সফরে শ্রী শাহ গতরাতেই কলকাতা আসেন। আজই তাঁর দিল্লি ফিরে যাওয়ার কথা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ৬টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনে জমা পড়া মনোনয়নপত্রগুলি আগামীকাল পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষদিন ৩০ শে অক্টোবর। পাঁচ জেলার ছয় কেন্দ্রের উপ নির্বাচনে শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে ৮৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে। এর মধ্যে সিতাই ও মেদিনীপুরে ১৬ কোম্পানি করে, মাদারিহাটে ১৪, নৈহাটিতে ১০, হারোয়ায় ১৫ ও তালডাঙরায় ১৮ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে। প্রত্যেক কেন্দ্রে যত

সংখ্যক কেন্দ্রীয় বাহিনী থাকবে সেই অনুপাতে কুইক রেসপন্স টিমও রাখা হবে।  
পাশাপাশি থাকবে পর্যাপ্ত সংখ্যায় রাজ্য পুলিশ।

এদিকে, বিভিন্ন রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচন ও উপ-নির্বাচনের প্রস্তুতি খতিয়ে  
দেখতে আগামী ২৯সে অক্টোবর মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার বৈঠকে  
বসবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসককে ধর্ষন ও খুনের  
ঘটনায় ন্যায়বিচারের দাবিতে সিনিয়র চিকিৎসকরা আজ ফের পথে নামেন । কলেজ  
স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত এই মিছিলে পা মেলান নাগরিক সমাজের  
প্রতিনিধিরাও। আর জি কর কাণ্ডে বিচারের দাবির পাশাপাশি জাস্টিস ফর ওয়েস্ট  
বেঙ্গল লেখা ব্যানার দেখা যায় মিছিলে। দুর্নীতির বিরুদ্ধে ওঠে শ্লোগানও।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সল্টলেকের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাঠে চার দিনের রঞ্জি ট্রফি ক্রিকেটের  
দ্বিতীয় দিনে আজ বাংলার বিরুদ্ধে কেরালা চার উইকেটে ৫১ রান করেছে। টসে  
জিতে বাংলা, কেরালাকে ব্যাট করতে পাঠায়। বাংলার ঈশান পোড়েল তিনটি, প্রদীপ্ত  
প্রামাণিক একটি উইকেট নিয়েছেন। মাঠ খেলার উপযুক্ত না থাকায় এদিন ১৫ ওভার  
এক বল খেলা হয়।

উল্লেখ্য, বৃষ্টির কারণে গতকাল প্রথম দিনের খেলা অনুষ্ঠিত হয়নি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০